গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বিধি অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০৩.১৮.১৭

০২ ফাল্গুন ১৪২৫
তারিখ:--------------------
১৪ ফেব্রুয়ারি ২০১৯

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: **দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ এবং ২৬ মার্চ ২০১৯ তারিখে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি আয়োজন উপলক্ষ্যে অর্থ ব্যয় ও অগ্রীম উত্তোলন।**

সূত্র: (ক) অর্থ মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৭.১১০.০২০.০৩.০৪.০০২.২০১৩.২৭৪; তারিখ: ১০-০২-২০১৯।
(খ) অর্থ মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৭.১১০.০২০.০৩.০৪.০০২.২০১৩.২৭৮; তারিখ: ১৩-০২-২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ ও ২৬ মার্চ ২০১৯ তারিখে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি পালন উপলক্ষ্যে নিম্নের বিভাজন অনুযায়ী মোট ৫,৩৯,৬৪,৭০০.০০ (পাঁচ কোটি উনচল্লিশ লক্ষ চৌষট্টি হাজার সাতশত) টাকা ব্যয় ও অগ্রিম উত্তোলনে অর্থ বিভাগের সম্মতির পরিপ্রেক্ষিতে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্রম: | কর্মসূচি | মঞ্জুরীকৃত অর্থ |
|---|---|---|
| ১। | বিভাগীয় পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ০৮টি বিভাগে প্রতিটি বিভাগীয় কমিশনারের কার্যালয়ের অনুকূলে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসাবে ৫০,০০০.০০×৮ = ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা। | টাকা ৪,০০,০০০.০০ (চার লক্ষ) |
| ২। | সিটি কর্পোরেশন এলাকায় জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য নারায়নগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশালসহ মোট ১০টি সিটি কর্পোরেশনের প্রতিটি ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসাবে সংশ্লিষ্ট ১০টি জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের অনুকূলে ৫০,০০০.০০×১০= ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা এবং ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবর ৫০,০০০.০০×২ = ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা সর্বমোট (৫,০০,০০০.০০ + ১,০০,০০০.০০) = ৬,০০,০০০.০০ (ছয় লক্ষ) টাকা। | টাকা ৬,০০,০০০.০০ (ছয় লক্ষ) |
| ৩। | জেলা পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ৬৪টি জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের অনুকূলে প্রতিটি জেলায় ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসাবে ৫০,০০০.০০×৬৪ = ৩২,০০,০০০.০০ (বত্রিশ লক্ষ) টাকা। | টাকা ৩২,০০,০০০.০০ (বত্রিশ লক্ষ) |
| ৪। | উপজেলা পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ৪৯২টি উপজেলায় প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অনুকূলে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা হিসাবে ৩০,০০০.০০×৪৯২ = ১,৪৭,৬০,০০০.০০ (এক কোটি সাতচল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা। | টাকা ১,৪৭,৬০,০০০.০০ (এক কোটি সাতচল্লিশ লক্ষ ষাট হাজার) |
| ৫। | ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ১৬ টি মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা থানায় জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজনের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকার অনুকূলে ১৬×৩০,০০০.০০=৪,৮০,০০০.০০ (চার লক্ষ আশি হাজার) টাকা। | টাকা ৪,৮০,০০০.০০ (চার লক্ষ আশি হাজার) |
| ৬। | ইউনিয়ন পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ৪,৫৭৩ টি ইউনিয়নে প্রতিটির জন্য ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা হিসাবে ৪,৫৭৩×৫,০০০.০০=২,২৮,৬৫,০০০.০০ (দুই কোটি আটাশ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা ০৮ টি | টাকা ২,২৮,৬৫,০০০.০০ (দুই কোটি আটাশ লক্ষ পঁয়ষট্টি হাজার) |

| | | |
|---|---|---|
| | বিভাগীয় কমিশনারের কার্যালয়ের অনুকূলে বরাদ্দ। [ঢাকা বিভাগে ৮৮৬x৫০০০.০০= ৪৪,৩০,০০০.০০ টাকা, রংপুর বিভাগে ৫৩৫x৫,০০০.০০=২৬,৭৫,০০০.০০ টাকা, খুলনা বিভাগে ৫৮১x৫০০০.০০= ২৯,০৫,০০০.০০ টাকা, সিলেট বিভাগে ৩৩৮x৫০০০.০০= ১৬,৯০,০০০.০০ টাকা, ময়মনসিংহ বিভাগে ৩৫৩x৫০০০.০০=১৭,৬৫,০০০.০০ টাকা, বরিশাল বিভাগে ৩৫৬x৫০০০.০০=১৭,৮০,০০০.০০ টাকা, রাজশাহী বিভাগে ৩৬৫x৫০০০.০০= ২৮,২৫,০০০.০০ টাকা এবং চট্টগ্রাম বিভাগে ৯৫৯x৫০০০.০০= ৪৭,৯৫,০০০.০০ টাকা]। | |
| ৭। | পৌরসভা পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ৩২৮ টি পৌরসভায় প্রতিটির জন্য ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা হিসাবে ৫,০০০.০০x৩২৮= ১৬,৪০,০০০.০০ টাকা ০৮ টি বিভাগীয় কমিশনার কার্যালয়ের অনুকূলে বরাদ্দ। [ঢাকা বিভাগে ৬৩x৫০০০.০০= ৩,১৫,০০০.০০ টাকা, রংপুর বিভাগে ৩১x৫০০০.০০= ১,৫৫,০০০.০০ টাকা, খুলনা বিভাগে ৩৬x৫০০০.০০=১,৮০,০০০.০০ টাকা, সিলেট বিভাগে ১৯x৫০০০.০০= ৯৫,০০০.০০ টাকা, ময়মনসিংহ বিভাগে ২৭x৫০০০.০০= ১,৩৫,০০০.০০ টাকা, বরিশাল বিভাগে ২৬x৫০০০.০০=১,৩০,০০০.০০ টাকা, রাজশাহী বিভাগে ৬২x৫০০০.০০=৩,১০,০০০.০০ টাকা এবং চট্টগ্রাম বিভাগে ৬৪x৫০০০.০০=৩,২০,০০০.০০ টাকা]। | টাকা ১৬,৪০,০০০.০০ (ষোল লক্ষ চল্লিশ হাজার) |
| ৮। | জাতীয় পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুকূলে বরাদ্দ ৭০,৫৬,৪০০.০০ (সত্তর লক্ষ ছাপ্পান্ন হাজার হাজার চারশত) টাকা। | টাকা ৭০,৫৬,৪০০.০০ টাকা (সত্তর লক্ষ ছাপ্পান্ন হাজার হাজার চারশত) |
| ৯। | ২৬ মার্চ ২০১৯ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবর ২৪,৬৩,৩০০.০০ (চব্বিশ লক্ষ তেষট্টি হাজার তিনশত) টাকা। | টাকা ২৪,৬৩,৩০০.০০ (চব্বিশ লক্ষ তেষট্টি হাজার তিনশত) |
| ১০। | উপদেষ্টা কমিটি, কেন্দ্রীয় সমন্বয় কমিটি এবং জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন কমিটির সভার আয়োজন, সম্মানি, আপ্যায়ন, স্টেশনারি ও বিভিন্ন দাপ্তরিক ক্রয় বাবদ মন্ত্রিপরিষদ বিভাগের অনুকূলে বরাদ্দ ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা। | টাকা ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) |
| | **সর্বমোট=** | **টাকা ৫,৩৯,৬৪,৭০০.০০** |
| | **কথায়: পাঁচ কোটি উনচল্লিশ লক্ষ চৌষট্টি হাজার সাতশত টাকা।** | |

শর্তাদি:

(ক) পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও বিধিমালা, ২০০৮ এবং এর সংশোধনী অনুসরণপূর্বক সংশ্লিষ্ট আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগের অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে কোড নং ১০৪০১০১১০০১১৯-৩২৫৭৩০১ অনুষ্ঠান/উৎসবাদি খাতে সমন্বয় করতে হবে;

(গ) অব্যয়িত অর্থ আগামী (যদি থাকে) ৩০ জুন, ২০১৯ তারিখের মধ্যে অবশ্যই সমর্পণ করতে হবে।

২। মঞ্জুরিকৃত অর্থ মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটের ১০৪০১০১১০০১১৯-৩২৫৭৩০১ অনুষ্ঠান/উৎসবাদি খাত হতে নির্বাহ হবে।

৩। বিভাগীয় কমিশনারগণকে-তাঁর আওতাধীন ইউনিয়নসমূহে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য প্রতিটি ইউনিয়নের বিপরীতে বরাদ্দকৃত ৫০০০.০০ টাকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৪। বিভাগীয় কমিশনারগণকে-তাঁর আওতাধীন পৌরসভাসমূহে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য প্রতিটি পৌরসভার অনুকূলে বরাদ্দকৃত ৫০০০.০০ টাকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৫। মন্ত্রিপরিষদ বিভাগ, সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

আপনার বিশ্বস্ত

১৪.০২.২০১৯

(মোঃ সাইদুর রহমান)
উপসচিব
**ফোন:** ৯৫৭৫৪৪৬
**ই-মেইল:** sayeed6632@gmail.com

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০৩.১৮.১৭

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৫
১৪ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি: কার্যার্থে

১। বিভাগীয় কমিশনার.......................................বিভাগ। মঞ্জুরিকৃত অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং এর সংশোধনীসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং অব্যয়িত অর্থ ৩০.০৪.২০১৯ তারিখের মধ্যে ট্রেজারি সরকারি কোষাগারে জমা করতে হবে। উত্তোলিত অর্থ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে যথাযথভাবে সমন্বয়পূর্বক প্রতিবেদনসহ নাদাবি ৩০.০৪.২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২। জেলা প্রশাসক.............................................জেলা। তাঁকে সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী অফিসার, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ও উপজেলা হিসবারক্ষণ কর্মকর্তা বরাবর অনুলিপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। মঞ্জুরিকৃত অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং এর সংশোধনীসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং অব্যয়িত অর্থ ৩০.০৪.২০১৯ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা করতে হবে। উত্তোলিত অর্থ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে যথাযথভাবে সমন্বয়পূর্বক প্রতিবেদনসহ নাদাবি ৩০.০৪.২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩। জেলা প্রশাসক, ঢাকা জেলা। মঞ্জুরিকৃত অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং এর সংশোধনীসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। অব্যয়িত অর্থ থাকলে ৩০.০৪.২০১৯ তারিখের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে এবং উত্তোলিত অর্থ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে যথাযথভাবে সমন্বয়পূর্বক প্রত্যয়নসহ নাদাবি সমন্বয়কৃত যাবতীয় বিল-ভাউচারের ১টি সেট আবশ্যিকভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

আপনার বিশ্বস্ত

১৪.০২.২০১৯

(মোঃ সাইদুর রহমান)
উপসচিব
**ফোন:** ৯৫৭৫৪৪৬
**ই-মেইল:** sayeed6632@gmail.com

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। যুগ্মসচিব (পরিকল্পনা ও বাজেট/বিধি ও সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ।
৩। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪। সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।